

‘চতুর্থ আরবান ডায়ালগ-২০১৬’ এর উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা উত্তরের মেয়র আনিসুল হক

ফুটপাত ছাড়ুন নইলে বুলডোজার চালানো হবে

প্রকাশের সময় : ২২ সেপ্টেম্বর, ২০১৬, ১২:০০ এএম

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ফুটপাত দখলকারীদের জনস্বার্থে তা ছেড়ে দেয়ার আহ্বান জানিয়েছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। তিনি বলেছেন, হাঁটার ফুটপাত ছেড়ে দিতে দখলকারীদের কাছে ‘মিনতি’ করে তাতেও কাজ না হলে বুলডোজার চালানো হবে। তখন দুঃখ পেলেও কিছু করার থাকবে না।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দুই দিনব্যাপী ‘চতুর্থ আরবান ডায়ালগ-২০১৬’ এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে এ সব কথা বলেন তিনি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ এবং আরবান ইনগো ফোরাম যৌথ উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করে।

কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে মেয়র বলেন, ফুটপাত থেকে দখলদার উচ্ছেদ খুবই কঠিন কাজ। তবে এরপরও ঢাকার সব ফুটপাত থেকে অবৈধ দখলদার উচ্ছেদ করা হবে। আমার লোকজনকে আমি বলেছি প্রথম দিন যাবা, হাতে ধরবা, বলবা ‘স্যার আমার জায়গা ছেড়ে দেন’। দ্বিতীয় দিন যাবা, বলবা স্যার আপনি অনেক বড়লোক, ফুটপাত বোধ হয় ভুলে দখল হয়ে গেছে, স্যার আপনি মনে হয় টের পান নাই, স্যার ছেড়ে দেন। তৃতীয় দিন গিয়া পায়ে ধরবা, বলবা ‘গরিবের ফুটপাত স্যার ছেড়ে দেন’। তাও না ছাড়লে চতুর্থ দিন গিয়া বুলডোজার চালাইয়া দিবা।

তিনি আরো বলেন, উই ডোন্ট কেয়ার। ইনশাল্লাহ আপনারা দেখবেন, উই উইল টেক আউট দিবস। কর্মশালার প্রধান অতিথি গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী মোশাররফ হোসেনকে উদ্দেশ্য করে আনিসুল হক বলেন, মন্ত্রী মহোদয়কে এখনি বলছিলাম। এখানে তো প্রকাশ্যে বলতে পারব না, কারা দখল করে আছে। আনিসুল হক বলেন, একটি স্বাস্থ্যকর ও প্রাণবন্ত শহর প্রতিষ্ঠা করতে নানা প্রতিকূলতার মধ্য দিয়ে যেতে হচ্ছে তাকে, যেগুলো চাইলেও অতিক্রম করা কঠিন।

প্রধান অতিথির বক্তব্যে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ([https://www.dailyinqilab.com/tagsearch/শেখ হাসিনা](https://www.dailyinqilab.com/tagsearch/শেখ%20হাসিনা))র পরামর্শ ও দিক-নির্দেশনায় ঢাকার দুই সুযোগ্য মেয়র আনিসুল হক ও সাঈদ খোকন অত্যন্ত দক্ষতার সঙ্গে ঢাকাকে পরিষ্কার-পরিচ্ছন্ন ও সবুজ নগরী হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে নিরলস কাজ করে যাচ্ছেন। সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে তাদের নিরলস পরিশ্রম অবশ্যই প্রশংসায়োগ্য। আশা করি

নগরবাসী খুব অল্প সময়ে তাদের কাল্পনিক একটি শহর দেখতে পাবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর নাসরিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর আরবান স্টাডিজের চেয়ারম্যান নজরুল ইসলাম। আরো বক্তব্য রাখেন, হ্যাবিটেট ফর হিউম্যানিটি বাংলাদেশ-এর ন্যাশনাল ডাইরেক্টর জন আর্মস্ট্রং, ঢাকা বিশ্ববিদ্যালয় দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. এ এস এম মাকসুদ কামাল প্রমুখ।